

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় শাখা
www.shed.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.১১.০৬২.২৪-২০৩

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬


প্রজ্ঞাপন

মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলরের অনুমোদনক্রমে ইসলামী বিশ্ববিদ্যালয় আইন, ১৯৮০ (সংশোধিত-২০১০)-এর ১০(১) ধারা অনুযায়ী ড. এ.কে.এম মতিনুর রহমান, প্রফেসর, ডিপার্টমেন্ট অব পাবলিক এডমিনিস্ট্রেশন, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া-কে উক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পদে নিম্নোক্ত শর্তে নিয়োগ প্রদান করা হলো:

- (ক) উপাচার্য পদে তাঁর নিয়োগের মেয়াদ যোগদানের তারিখ হতে ৪ (চার) বছর অথবা অবসর গ্রহণের তারিখ-এর মধ্যে যা পূর্বে ঘটে সেই সময় পর্যন্ত হবে;
- (খ) উপর্যুক্ত পদে তিনি তাঁর বর্তমান পদের সমপরিমাণ বেতনভাতাদি প্রাপ্য হবেন;
- (গ) তিনি বিধি অনুযায়ী পদসংশ্লিষ্ট অন্যান্য সুবিধা ভোগ করবেন;
- (ঘ) তিনি বিশ্ববিদ্যালয়ের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে সার্বক্ষণিকভাবে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অবস্থান করবেন; এবং
- (ঙ) মহামান্য রাষ্ট্রপতি ও চ্যান্সেলর প্রয়োজনে যে কোনো সময় এ নিয়োগ বাতিল করতে পারবেন।

২.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



(মোঃ সুলতান আহমেদ)
সহকারী সচিব
ফোন : ০২৫৫১০০৬১৪
ই-মেইল: ds_univ1@mocdu.gov.bd

নম্বর: ৩৭.০০.০০০০.০৭৯.২৫.১৯১.১১-২০৩/১(১৩)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩৩
১৪ মে ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা
৫. ড. এ.কে.এম মতিনুর রহমান, প্রফেসর, ডিপার্টমেন্ট অব পাবলিক এডমিনিস্ট্রেশন, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
৬. মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা
৮. উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করার অনুরোধসহ)
৯. পি.আই.ডি., তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১১. রেজিস্ট্রার, ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়া
১২. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
(প্রজ্ঞাপনটি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
১৩. অফিস কপি।


(মোঃ সুলতান আহমেদ)
সহকারী সচিব